



প্রয়োজনে কাল ভোট দিন, তবে নতুন সংবিধান চাই: হাসনাত আব্দুল্লাহ



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ বলেছেন, নির্বাচনের সময়সীমা নিয়ে তাদের আপত্তি নেই। তবে নতুন লিখিত সংবিধান ছাড়া নির্বাচন গ্রহণযোগ্য নয়। তিনি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহম্মদ ইউনূসকে উদ্দেশ্য করে বলেন, শুধু দারোয়ান বদল নয়, ভাঙা দরজা-জানালাও পরিবর্তন করতে হবে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ বলেছেন, “নির্বাচনের ডেডলাইন নিয়ে আমাদের কোনো আপত্তি নেই। প্রয়োজনে আগামীকালই ভোট দিন, তবে এর আগে মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটানো একটি নতুন সংবিধান প্রণয়ন করতে হবে।”

শনিবার রাতে কুমিল্লার দেবিদ্বারের তুলাগাঁও গ্রামে আয়োজিত এক উঠান বৈঠকে তিনি এ কথা বলেন। ড. মুহম্মদ ইউনূসকে উদ্দেশ্য করে তিনি আরও বলেন, “ঘরের দারোয়ান বদলালেই হবে না, দরজা-জানালাও ঠিক করতে হবে। ৫০ বছরে চুরি, টেন্ডারবাজি, ভোট ডাকাতি থামানো যায়নি। মুখের কথায় বিশ্বাস নেই, লিখিত সংবিধান চাই।”

তিনি অভিযোগ করেন, অন্তর্বর্তী সরকারের কিছু উপদেষ্টা দুর্নীতিতে জড়িয়ে পড়েছেন, বিদেশে মানুষ পাঠানোর লাইসেন্স বন্টন করছেন। “দেশ সংস্কারের নামে যদি কেবল ভিসা নিশ্চিত করে পালানোর চিন্তা থাকে, ছাত্রজনতা ক্ষমা করবে না,” সতর্ক করে দেন তিনি।

হাসনাত আরও বলেন, “আমরা মুখের কথায় আর বিশ্বাস করি না। যে দলই নির্বাচনে আসুক, নিয়মগুলো আইনগত ভিত্তিতে নিশ্চিত করতে হবে। জনগণের ভোটেই নেতৃত্ব নির্ধারিত হোক।”

সভায় দেবিদ্বার উপজেলা এনসিপির আহ্বায়ক জামাল মোহাম্মদ কবীরের সভাপতিত্বে আরও বক্তব্য দেন কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক মাহবুব আলম, এহতেশাম হকসহ স্থানীয় নেতারা।